# জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়
সাভার, ঢাকা।

# পুনঃনিয়োগ বিজ্ঞপ্তি (সংশোধিত)

নং-জাবি/রেজি/প্রশাসন(টিচিং)/২০২৫-২০২৬/০৩/৬৪৪০ তারিখ ঃ ১৬-০২-২০২৬

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের নিম্নেবর্ণিত পদসমূহ পূরণের জন্য বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

| বিভাগ/ইনস্টিটিউট | পদের নাম | পদের সংখ্যা |
|---|---|---|
| ১। আইন ও বিচার বিভাগ | প্রভাষক (স্থায়ী) | ৩টি |
| ২। উদ্ভিদবিজ্ঞান বিভাগ | সহযোগী অধ্যাপক (স্থায়ী) | ১টি |
| | প্রভাষক (স্থায়ী) | ২টি |
| | প্রভাষক (অস্থায়ী) | ১টি |
| ৩। ইনস্টিটিউট অব রিমোট সেনসিং এন্ড জিআইএস | প্রভাষক (অস্থায়ী) | ২টি |

জাতীয় বেতন স্কেলে বেতনক্রম ঃ সহযোগী অধ্যাপক ঃ ৫০,০০০-৭১,২০০/-, প্রভাষক ঃ ২২,০০০-৫৩,০৬০/-

**শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা ঃ**

**সহযোগী অধ্যাপক, উদ্ভিদবিজ্ঞান বিভাগ ঃ** প্রার্থীর এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান উভয় ক্ষেত্রে সনাতন পদ্ধতিতে ১ম বিভাগ ও গ্রেডিং পদ্ধতিতে জিপিএ ন্যূনতম ৪.৫০ (৫.০০ স্কেলে) থাকতে হবে। উদ্ভিদবিজ্ঞান বিষয়ে স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর উভয় পরীক্ষায় সনাতন পদ্ধতিতে ১ম শ্রেণি ও গ্রেডিং পদ্ধতিতে সিজিপিএ ন্যূনতম ৩.৬০ (৪.০০ স্কেলে) থাকতে হবে এবং প্রার্থীকে সংশ্লিষ্ট বিষয়ে অবশ্যই পিএইচডি ডিগ্রিধারী হতে হবে। সহকারী অধ্যাপক হিসেবে ন্যূনতম ৪ (চার) বছরের অভিজ্ঞতাসহ মোট ৭ (সাত) বছরের শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে। আবেদনকারীর ন্যূনতম ১০ (দশ)টি প্রকাশনা থাকতে হবে, তন্মধ্যে ৫ (পাঁচ)টি প্রকাশনায় First Author হিসেবে থাকতে হবে।

**বি.দ্র.:** সহযোগী অধ্যাপক পদে আবেদনকারী প্রার্থীদের Plant Systematics and Biodiversity ব্রাঞ্চে স্নাতকোত্তর পর্যায়ে থিসিস ও পিএইচডি ডিগ্রি থাকতে হবে।

**প্রভাষক, উদ্ভিদবিজ্ঞান বিভাগ ঃ** প্রার্থীর এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান উভয় ক্ষেত্রে সনাতন পদ্ধতিতে ১ম বিভাগ ও গ্রেডিং পদ্ধতিতে জিপিএ ন্যূনতম ৪.৫০ (৫.০০ স্কেলে) থাকতে হবে। আবেদনকারীদের উদ্ভিদবিজ্ঞান বিষয়ে স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর ডিগ্রিসহ উভয় পরীক্ষায় সনাতন পদ্ধতিতে ১ম শ্রেণি ও গ্রেডিং পদ্ধতিতে সিজিপিএ ন্যূনতম ৩.৬০ (৪.০০ স্কেলে) থাকতে হবে। প্রকাশনা থাকলে জার্নালের মান উল্লেখপূর্বক আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

**বি.দ্র : উদ্ভিদবিজ্ঞান বিষয়ে স্থায়ী প্রভাষক-এর ক্ষেত্রে :** ইতোপূর্বে অস্থায়ী প্রভাষক পদে যোগদানকারী প্রার্থীদের ২০১৬ সালের নীতিমালা অনুযায়ী এসএসসি ও এইচএসসি উভয় ক্ষেত্রে সনাতন পদ্ধতিতে ১ম বিভাগ ও গ্রেডিং পদ্ধতিতে বিজ্ঞান শাখায় জিপিএ ন্যূনতম ৪.২৫ (৫.০০ স্কেলে) থাকতে হবে। আবেদনকারীদের উদ্ভিদবিজ্ঞান বিষয়ে ১ম শ্রেণিতে (সিজিপিএ ন্যূনতম ৩.৬০ সহ) স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর ডিগ্রিসহ স্নাতকোত্তর বা উচ্চতর পর্যায়ে থিসিস থাকতে হবে। তবে Higher Cryptogams, Gymnosperms and Paleobotany এবং Plant Anatomy, Embryology and Palynology ব্রাঞ্চে থিসিস সম্পন্নকারীদের অগ্রাধিকার দেয়া যেতে পারে।

**উদ্ভিদবিজ্ঞান বিষয়ে অস্থায়ী প্রভাষক-এর ক্ষেত্রে :** অস্থায়ী প্রভাষক পদে আবেদনকারী প্রার্থীদের উদ্ভিদবিজ্ঞান বিষয়ে স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর ডিগ্রিসহ স্নাতকোত্তর পর্যায়ে Plant Ecology and Environment ব্রাঞ্চে থিসিস থাকতে হবে।

**প্রভাষক, আইন ও বিচার বিভাগ :**
প্রার্থীর এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান উভয় ক্ষেত্রে সনাতন পদ্ধতিতে ১ম বিভাগ ও গ্রেডিং পদ্ধতিতে বিজ্ঞান শাখায় জিপিএ ন্যূনতম ৪.২৫ (৫.০০ স্কেলে), বাণিজ্য ও মানবিক শাখায় জিপিএ ন্যূনতম ৪.০০ (৫.০০ স্কেলে) থাকতে হবে। আবেদনকারীদের আইন ও বিচার বিষয়ে স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর ডিগ্রিসহ উভয় পরীক্ষায় সনাতন পদ্ধতিতে ১ম শ্রেণি ও গ্রেডিং পদ্ধতিতে সিজিপিএ ন্যূনতম ৩.৫০ (৪.০০ স্কেলে) থাকতে হবে। প্রকাশনা থাকলে জার্নালের মান উল্লেখপূর্বক আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

**প্রভাষক, ইনস্টিটিউট অব রিমোট সেনসিং এন্ড জিআইএস :**
প্রার্থীর এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান উভয় ক্ষেত্রে সনাতন পদ্ধতিতে ১ম বিভাগ ও গ্রেডিং পদ্ধতিতে জিপিএ ন্যূনতম ৪.৫০ (৫.০০ স্কেলে) থাকতে হবে। আবেদনকারীদের কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং, ভূতাত্ত্বিক বিজ্ঞান, ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক্স ইঞ্জিনিয়ারিং, পরিবেশ বিজ্ঞান, স্ট্যাটিসটিকস এন্ড ডাটা সায়েন্স, সিভিল ইঞ্জিনিয়ারিং বিষয়ে স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর উভয় পরীক্ষায় সনাতন পদ্ধতিতে ১ম শ্রেণি ও গ্রেডিং পদ্ধতিতে সিজিপিএ ন্যূনতম ৩.৬০ (৪.০০ স্কেলে) থাকতে হবে এবং ভূগোল ও পরিবেশ, নগর ও অঞ্চল পরিকল্পনা বিষয়ে স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর উভয় পরীক্ষায় সনাতন পদ্ধতিতে ১ম শ্রেণি ও গ্রেডিং পদ্ধতিতে সিজিপিএ ন্যূনতম ৩.৫০ (৪.০০ স্কেলে) থাকতে হবে। প্রকাশনা থাকলে জার্নালের মান উল্লেখপূর্বক আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

**বিশেষ দ্রষ্টব্য-১ :** গত ২৩-০৯-২০২৫ তারিখের নিয়োগ বিজ্ঞপ্তির পরিপ্রেক্ষিতে আইন ও বিচার বিভাগ, উদ্ভিদবিজ্ঞান বিভাগ এবং ইনস্টিটিউট অব রিমোট সেনসিং এন্ড জিআইএস বিষয়ের প্রভাষক ও সহযোগী অধ্যাপক পদে যাঁরা ইতোপূর্বে আবেদন করেছেন, তাঁদের পুনরায় আবেদন করার প্রয়োজন নেই।

**বিশেষ দ্রষ্টব্য-২ :**

ক) প্রার্থীদের স্নাতকোত্তর পরীক্ষার ফল প্রকাশিত না হলে প্রভাষক পদে আবেদন করার জন্য যোগ্য বলে বিবেচিত হবেন না।

খ) চাকরিরত প্রার্থীদেরকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে, অন্যথায় আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

গ) ২০২৫ সালে প্রণীত নতুন নীতিমালা অনুযায়ী শিক্ষক নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করা হবে (নীতিমালাটি www.juniv.edu-এ দেখা যেতে পারে)।

প্রার্থীদের নির্ধারিত ফরমে আবেদন করতে হবে। সহযোগী অধ্যাপক পদের জন্য ১০ (দশ) সেট ও প্রভাষক পদের জন্য ৭ (সাত) সেট আবেদনপত্রের প্রতি সেটের সাথে শিক্ষাগত যোগ্যতার সনদপত্র, নম্বরপত্র, গবেষণামূলক প্রকাশনার কপি ও অভিজ্ঞতার প্রমাণপত্রের সত্যায়িত অনুলিপি জমা দিতে হবে। দরখাস্তের সাথে দুই কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি এবং রেজিস্ট্রারের অনুকূলে অগ্রণী ব্যাংকের যে কোনো শাখা থেকে ৬০০/- (ছয়শত) টাকার ব্যাংক ড্রাফট অথবা অগ্রণী ব্যাংক পিএলসি জাবি শাখার JU Fund 0200001738242 একাউন্টে ৬০০/- (ছয়শত) টাকা জমাদানের রশিদ সংযুক্ত করতে হবে। জমাকৃত টাকা/ড্রাফট ফেরৎযোগ্য নয়। বেতন নির্ধারণের ক্ষেত্রে জাতীয় বেতন স্কেলের নীতিমালা অনুসরণ করা হবে। আগ্রহী প্রার্থীগণ অফিস চলাকালীন সময়ে নিম্নস্বাক্ষরকারীর অফিস থেকে বিজ্ঞপ্তির কপি এবং আবেদন ফরম সংগ্রহ করতে পারবেন। ওয়েবসাইট www.juniv.edu থেকেও উক্ত ফরম সংগ্রহ করা যাবে। অসম্পূর্ণ দরখাস্ত সরাসরি বাতিল বলে গণ্য হবে। আবেদনপত্র জমাদানের শেষ তারিখ : সহযোগী অধ্যাপক পদে আবেদনের শেষ তারিখ : ০৯-০৩-২০২৬ এবং প্রভাষক পদে আবেদনের শেষ তারিখ : ০৩-০৩-২০২৬।

জিডি-২৭০/০২/২৬ (১২"×৩) স্বাক্ষর/- রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)